



মধুখালী (ফরিদপুর): উপজেলার বাগাট উচ্চ বিদ্যালয়ের ছাত্রছাত্রীরা ঢাকা-খুলনা মহাসড়ক অবরোধ করে আতিয়ার রহমানের খুনিদের গ্রেফতার ও বিচার দাবি করে

মধুখালীতে শিক্ষকের ফাঁসি দাবি

■ মধুখালী (ফরিদপুর) সংবাদদাতা

মধুখালী উপজেলার বাগাট ইউনিয়নের বহল আলোচিত আতিয়ার রহমান খান হত্যাকাণ্ডের অন্যতম প্রধান আসামি বাগাট উচ্চ বিদ্যালয়ের বিতর্কিত শিক্ষক ইউনুস আলী ফকিরসহ অন্য আসামিদের গ্রেফতার ও ফাঁসি দাবি জানানো হয়েছে। বৃথবার এ দাবিতে বাগাট উচ্চ বিদ্যালয়ের শিক্ষার্থীরা ঢাকা-খুলনা মহাসড়ক অবরোধ ও বিক্ষোভ করেছে।

এ সময় ঢাকা ও খুলনাগামী কয়েকশ যাত্রী ও পণ্যবাহী যানবাহন রাত্তার দুই পায়ে আটকা পড়ে। বক্তব্য রাখেন বাগাট ইউনিয়ন ছাত্রলীগের সভাপতি মো. রাজু খান, সহ সভাপতি মিঠুন দেবনাথ, ছাত্রলীগ নেতা মো. এনাযুল হক, উৎস্য ঘোষ, বাগাট উচ্চ বিদ্যালয়ের স্টুডেন্ট কেবিনেট এর সভাপতি মো. সালমান বিশ্বাস সাক্বির, সহ-সভাপতি মো. মিরাজ সরদার প্রমুখ।

-ইত্তেফাক